আব্দুর রহমান ইবন ‘আওফ এবং যুবায়ের ইবন আ‘ওয়াম রাদিয়াল্লাহু ‘আনহুম এক যুদ্ধে নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের নিকট (গায়ে) উকুনের উপদ্রবের অভিযোগ করেন।

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, আব্দুর রহমান ইবন ‘আওফ এবং যুবায়ের
ইবন আ‘ওওয়াম রাদিয়াল্লাহু ‘আনহুম তাদের কোনো এক যুদ্ধে নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের নিকট (গায়ে) উকুনের উপদ্রবের অভিযোগ করেন। তখন তিনি তাদের রেশমী জামা পরিধানের অনুমতি দেন। (আনাস রাদিয়াল্লাহু ‘আনহু বলেন), আমি তাদের গায়ে সে জামা
দেখেছি।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

দীন ইসলামীর উদারতার নিদর্শন হলো যথাযোগ্য কারণ পাওয়া গেলে তা নিষিদ্ধ বস্তু বিষয়ে অনুমতি প্রদান করে থাকে। যেমন শরী‘আত প্রণেতা নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম যুবায়ের ও আব্দুর রহমান রাদিয়াল্লাহু ‘আনহুমাকে রেশমী জামা পরিধানের অনুমতি দিয়েছেন। কেননা রেশমী কাপড় উকুনকে প্রতিরোধ করে, কারণ আল্লাহ তাতে উকুনের স্বভাব বিরোধী উপাদান রেখেছেন, অনুরূপ তাতে চুলকানীর ওষুধও আছে। আর যারাই তাদের মতো হবে তাদের একই বিধান।

http://sunnah.global/hadeeth/bn/show/2970